

**ইকফাই-এ ত্রিপুরা
চাপ্টার খুলতে
চলেছে আইডিআইএ**

কামালঘাট, ৭ ডিসেম্বর:

ক্রমবর্দ্ধমান ভিন্নতায় অধিক আইনশিক্ষার সুযোগ সম্ভবত মিলতে চলেছে ইকফাই বিশ্ববিদ্যালয় ত্রিপুরায়। সমাজের পিছিয়ে পড়া এবং কম সুবিধাপ্রাপ্ত শ্রেণীর ছেলেমেয়েদের আইনশিক্ষার প্রতি আগ্রহী করে তোলার কাজে ব্রতী দেশের অগ্রণী সংস্থা আইডিআইএ (IDIA) এই সুযোগ দিতে চলেছে। সংস্থার দুই শীর্ষস্থানীয় কর্তা অতি সম্প্রতি ইকফাই বিশ্ববিদ্যালয়ের কামালঘাটস্থিত ক্যাম্পাস পরিদর্শনে এসেছিলেন।

তিনদিনের সফরকালে সংস্থার নির্দেশক (অপারেশনস) অর্ণব রায় ও সহযোগী নির্দেশক শামিন কিবরিয়া বিশ্ববিদ্যালয়ের আইনশিক্ষার পাঠ্যক্রম ও পরিকাঠামো সম্পর্কে অবগত হন। বিশ্ববিদ্যালয়ের আইনশিক্ষার্থীদের সঙ্গে একান্ত আলাপচারিতায় অর্ণব রায় জানান, ইকফাই বিশ্ববিদ্যালয়ে আইনশিক্ষার পাঠ্যক্রম এবং পরিকাঠামো যথেষ্ট উচুমানের। মনযোগ দিয়ে অধ্যয়ণ করলে পড়ুয়াদের পেশাগত ভবিষ্যৎ উজ্জ্বল।

সমস্ত পড়ুয়া এবং শিক্ষক-অশিক্ষক কর্মীদের তুমুল করতালির মধ্যে অর্ণব রায় জানান, ইকফাই বিশ্ববিদ্যালয়ের ত্রিপুরা ক্যাম্পাসেই আইডিআইএ-র আলাদা চাপ্টার খোলা হবে। রাজ্য সফরকালে অর্ণব রায়, উনার সহধর্মিনী এবং শামিন কিবরিয়া আগরতলার দ্রষ্টব্য স্থানগুলো ঘূরে দেখেন।

প্রসঙ্গত, ইকফাই বিশ্ববিদ্যালয়ের অধীন বর্তমানে পাঁচ বছরের বিএ-এলএলবি ও বিবিএ-এলএলবি, তিন বছরের এলএলবি এবং এক বছরের এলএলএম কোর্স চালু রয়েছে। সর্বাধিক মৌট ১৬৫ জন ছাত্রছাত্রী বর্তমানে বিভিন্ন কোর্সে অধ্যয়ণ করছে। এদের মধ্যে বেশ কয়েকজন সরকারী কর্মচারী রয়েছেন।